তারিখ ... 14|10|78 ...
পৃষ্ঠা ... 10 ... কলাম ... 1 ...

ইত্তেফাক



# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

## ময়মনসিংহ

## স্নাতকোত্তর শ্রেণীসমূহে ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৯৭৬ ৭৭ শিক্ষা সালে নিম্নলিখিত স্নাতকোত্তর কোর্সে ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। চাকুরীরত প্রার্থিগণকে তাঁহাদের স্ব-স্ব বিভাগীয় প্রধানের নিকট হইতে এইমর্মে সার্টিফিকেট দাখিল করিতে হইবে যে, তাঁহাদের স্ব-স্ব অধ্যয়ন সময়ের জন্য এই বিশ্ববিদ্যালয়ে ক্লাসে যোগদানের নিমিত্ত তাঁহাদিগকে ছুটি প্রদান করা হইবে।

<u>কোর্স ঃ</u>

১। এম, এস-সি, (এজি)
২। এম, এস-সি, (এজি, ইকন)
৩। এম, এস-সি, এজি, ইকন (জেনারেল)
৪। এম, এস-সি, (এজি, ইন্‌জ)
৫। এম, এস-সি, (ফিশারিজ)
৬। এম, এস-সি, (ভেট, সায়েন্স)
৭। এম, এস-সি, (এ, এইচ)
৮। এম, এস-সি, (এজি, এক্সট, এড)
৯। এম, এস-সি. (এজি, ষ্টেট) প্রিলিমিনারী

উপরোল্লিখিত ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ এবং ৮-এ বর্ণিত এক বছর মেয়াদী কোর্সে ভর্তি হইতে ইচ্ছুক আবেদনকারীকে কৃষি বিশ্ববিদ্যালয় অথবা ইহার অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পরীক্ষায় এবং এম, এস-সি (ভেট, সায়েন্স) প্রার্থীদের ক্ষেত্রে ডি, ভি, এম, অথবা এম, বি,বি, এস অথবা সমমানের পরীক্ষায় মোট নম্বরের শতকরা অন্যুন ৫৫ ভাগ এবং পঠিতব্য বিষয়েও শতকরা অন্যুন ৫৫ ভাগ নম্বরসহ কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে। অবশ্য এম, এস-সি, এজি, ইকন (জেনারেল) কোর্সে ভর্তি হইতে ইচ্ছুক প্রার্থীকে স্নাতক পরীক্ষায় মোট নম্বরের ন্যূনপক্ষে শতকরা ৪৫ ভাগ পাইতে হইবে। স্নাতক পর্যায়ে যাহারা এজি, এক্সটেনশন বিষয়ে মোট ১০০ নম্বরের কোর্সে অধ্যয়ন করিয়াছেন তাহারাই এম, এস-সি, (এজি, এক্সট, এড) কোর্সে আবেদন করার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

এম, এস-সি, (এজি, ষ্টেট) প্রিলিমিনারী কোর্সে ভর্তি হইতে ইচ্ছুক প্রার্থীকে স্নাতক কৃষি/স্নাতক কৃষি প্রকৌশল/স্নাতক কৃষি অর্থনীতি/স্নাতক পশু পালন/স্নাতক মৎস্য পরীক্ষায় ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে। স্নাতক পর্যায়ে যাহারা ষ্ট্যাটিষ্টিক্স এ কমপক্ষে ১০০ নম্বরের একটি পূর্ণ পত্র অধ্যয়ন করিয়াছেন কেবলমাত্র তাহারাই এই কোর্সে আবেদন করার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

প্রার্থিগণকে নির্ধারিত দরখাস্তের ফরম যথাযথভাবে পূরণ করিয়া দরখাস্তের ফরমে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ৩১-১০-৭৮ তারিখের মধ্যে এই বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট দাখিল করিতে হইবে। অসম্পূর্ণ, অনিয়মিত এবং অস্পষ্ট দরখাস্তসমূহ সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

উল্লেখ্য যে, ঢাকায় অবস্থিত বাংলাদেশ কৃষি মহাবিদ্যালয়ে ভর্তি হইতে ইচ্ছুক আবেদনকারিগণকে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে কলেজের অধ্যক্ষমহোদয়ের মাধ্যমে এই বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট দরখাস্ত দাখিল করিতে হইবে।

ভর্তির আসন সংখ্যা সীমিত বিধায় মেধানুসারে দরখাস্ত বাছাই করা হইবে।

কৃষি বিশ্ববিদ্যালয় অঙ্গনে অবস্থিত পূবালী ব্যাঙ্কের শাখায় প্রতিকপি দরখাস্তের ফরম ও প্রতিকপি প্রসপেক্টাসের মূল্য বাবদ যথাক্রমে টাকা ৫'০০ (পাঁচ টাকা) ও টাকা ১'০০ (এক টাকা) জমা দিয়া দরখাস্তের ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করা যাইবে।

—রেজিষ্ট্রার।

স—২১৮৩